দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 24 APR 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# রাজধানীতে প্রধান শিক্ষককে কোপানোর অভিযোগ

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর আদাবরের শেখেরটেকে একটি স্কুলের প্রধান শিক্ষককে কোপানোর অভিযোগ উঠেছে স্থানীয় এক আওয়ামী লীগ নেতার ছেলের বিরুদ্ধে। শনিবার সকাল সাড়ে এগারোটার দিকে শেখেরটেক ৬ নম্বর রোডে প্রতিভা স্কুলের প্রধান শিক্ষক প্রণব সরকারকে (৪০) চাপাতি দিয়ে কুপিয়ে রক্তাক্ত করা হয়। পরে তাকে সোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক জানান, প্রণব সরকারের হাতের কব্জি এবং মুখে গুরুতর জখম রয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক।

স্থানীয়রা অভিযোগ করেন, শনিবার সকালে স্কুলের সামনের রাস্তায় ১০০ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের